

কবিতা

রূপা

রিটন মাহমুদ

রূপার সাথে আমার হঠাৎই
 দেখা হলো ঢাকায়
 সম্ভবত বইমেলায় আমাদের
 প্রথম পরিচয়
 রূপা আমার দিকে তাচ্ছিল্য ভরে
 তাকালো
 হুমায়ূন আহমেদ ও হিমু - তার দুই
 দুর্দান্ত প্রেমিকের
 কাউকেই কাছাকাছি দেখতে না পেয়ে
 আমি আগ্রহভরে জানতে চাইলাম
 রূপা, তোমার মনের মানুষেরা কোথায়?

রূপা হাসলো। সে হাসিতে কোথায় যেন
 বেদনা লুকিয়ে আছে
 আমি রূপার চোখে কষ্ট দেখতে পেলাম।
 তবে কি উনি ওকে ভুলে গেছেন?
 তাই বা কি করে হয়, উনিতো
 সৃষ্টিকর্তা। ওনার পক্ষে কি এও সম্ভব !
 ঈশ্বর, তুমি কি আজ অন্য নারীতে
 মগ্ন?

এ এক অন্য অনুভূতি আমার
 কষ্ট অনেকটা আনন্দ মেশানো,
 রূপা, তুমি আর অন্য কারও নও
 আমারই শুধু।
 মগ্ন হৃদয়ে আজ বৃষ্টি নেমেছে,
 আমার মনে বাজছে আনন্দ সঙ্গীত।